

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাব-রেজিস্ট্রারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট।
sr.companiganj.sylhet.gov.bd

স্মারকঃ ১৫১

তারিখঃ ১৬.০৫.২০২২ খ্রি.

আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ এর স্মারক নং-বিচার-৭/২এন-১১/২০১২-৪০৭; তারিখ-০২/১২/২০১৯ খ্রি. এর প্রেক্ষিতে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধান মোতাবেক সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ০৩ নং তেলিখাল ইউনিয়নে লাইসেন্স প্রদানের মাধ্যমে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতকল্পে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

শর্তাবলী

০১। **প্রার্থীর যোগ্যতাঃ** আবেদনকারীকে বাংলাদেশ সরকার স্বীকৃত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা কর্তৃক নিবন্ধিত কোন মাদ্রাসা হইতে আলীম পাশ হইতে হইবে। দরখাস্তকারীর বয়স ৩১/০৫/২০২২ খ্রি. তারিখে ২১ (একুশ) বৎসর হইতে ৪৫(পয়তাল্লিশ) বৎসরের মধ্যে হইতে হবে। আবেদনকারীকে অবশ্যই ০৩ নং তেলিখাল ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হইতে হবে।

০২। **আবেদনপত্রে যে সকল তথ্য সন্নিবেশিত করিতে হইবেঃ** (১) প্রার্থীর নাম (২) পূর্ণ ঠিকানাঃ ক) স্থায়ী ঠিকানা (খ) বর্তমান ঠিকানা, (৩) প্রার্থীর জন্মতারিখ, (৪) প্রার্থীর পেশা বা চাকরি এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে), (৫) প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানা, (৬) প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানা, (৭) অফিস হিসেবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠক ঘর, অফিস বা কার্যালয় আছে কিনা, (৮) প্রার্থী ইতোপূর্বে কোন সরকারী চাকরি করিয়া থাকিলে ঐ চাকরির বিস্তারিত বিবরণ এবং কখনো কোন হইতে বরখাস্ত হইয়া থাকিলে তৎ সংক্রান্ত বিবরণ, (৯) যাহাদের নিকট হইতে চারিত্রিক সনদপত্র সংগ্রহ করিয়া আবেদনপত্রের সহিত পেশ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা, (১০) আরবী, বাংলা ও মুসলিম আইনে প্রার্থীর জ্ঞান আছে কিনা, (১১) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাসের সন, পরীক্ষার ফলাফল, কোন সরকারি ও বেসরকারি মাদ্রাসা হইতে সনদ প্রাপ্ত উহার উল্লেখ সহ)।

০৩। **আবেদন পত্রের সহিত সংযুক্তিতব্য কাগজপত্রাদিঃ** আবেদন পত্রের সহিত সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঞ্জন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরীকত্ব বা স্থায়ী বাসিন্দার সনদপত্র, গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র।

০৪। **আবেদনপত্র গ্রহণের শেষ তারিখঃ** আবেদনপত্র আগামী আগামী ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নসাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাক যোগে গ্রহণ করা যাবে। দরখাস্তের ফরম নিম্ন সাক্ষরকারীর অফিস হইতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাইবে অথবা www.sr.companiganj.sylhet.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নিকাহ রেজিস্ট্রার এর লাইসেন্স মঞ্জুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আখলাকুর রহমান)
সাব-রেজিস্ট্রার, কোম্পানীগঞ্জ, সিলেট ও
সদস্য সচিব
নিকাহ রেজিস্ট্রার এর লাইসেন্স মঞ্জুরী
সংক্রান্ত উপদেষ্টা কমিটি

স্মারক নং

তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ২৩২, সিলেট-৪ আসন ও উপদেষ্টা, নিকাহ রেজিস্ট্রার এর লাইসেন্স মঞ্জুরি সংক্রান্ত উপদেষ্টা কমিটি।

২। মাননীয় সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩। জেলা-রেজিস্ট্রার মহোদয়, সিলেট।

৪। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার উপদেষ্টা কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট।

৫। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার উপদেষ্টা কমিটি কোম্পানীগঞ্জ, সিলেট।

৬। চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার উপদেষ্টা কমিটি কোম্পানীগঞ্জ, সিলেট।

৭। অফিস নথি।

(মোঃ আখলাকুর রহমান)
সাব-রেজিস্ট্রার,
কোম্পানীগঞ্জ, সিলেট